



# বাংলাদেশ

# গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১১, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

## প্রজ্ঞাপন

তারিখ, ৫ এপ্রিল ২০০৮/২২ চৈত্র ১৪১০

এস, আর, ও নং ৯২-আইন/২০০৮—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল,  
যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৮ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ১৯ বৈশাখ ১৪১১ বঙ্গাব্দ মোতাবেক ২ মে ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে বলবৎ হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “আইন” অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন);
- (খ) “ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য” অর্থ ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য বা উক্ত দ্রব্য মিশ্রিত কোন দ্রব্য নির্বিশেষে তফসিল ১ এর কলাম (২) এ উল্লিখিত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য, তবে পরিবহন বা সংরক্ষণের জন্য ব্যবহৃত ধারক বাতীত প্রস্তুতকৃত পণ্যের আকারে উক্ত দ্রব্য বা উহার মিশ্রণ অন্তর্ভুক্ত হইবে না;
- (গ) “কম্প্রেসর” অর্থ ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য ব্যবহারের মাধ্যমে প্রস্তুতকৃত কম্প্রেসর;
- (ঘ) “তফসিল” অর্থ এই বিধিমালার কোন তফসিল;
- (ঙ) “পরিবেশ অধিদপ্তর” অর্থ আইনের ধারা ৩ এর অধীন স্থাপিত পরিবেশ অধিদপ্তর;

( ১৫৯৩ )

মূল্য : টাকা ৬.০০

- (চ) “ব্যক্তি” শব্দের আওতায় নিবন্ধিত হউক বা না হউক এইরূপ কোন কোম্পানী বা সংঘ বা ব্যক্তিসংঘ অন্তর্ভুক্ত;
- (ছ) “ভিস্ট্রেল” (base level) অর্থ তফসিল ২ এর কলাম (৩) এ উল্লিখিত বৎসর বা গড় বৎসরে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের উৎপাদন বা, ক্ষেত্রমত, ব্যবহারের পরিমাণ;
- (জ) “মহাপরিচালক” অর্থ পরিবেশ অধিদণ্ডের মহাপরিচালক;
- (ঝ) “লাইসেন্স” অর্থ এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স।

৩। ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য পরিবেশের জন্য ক্ষতিকর সামগ্রী।—আইনের ধারা ৬ক এর উদ্দেশ্য পূরণকল্পে, সমগ্র বাংলাদেশে পরিবেশের জন্য ক্ষতিকর সামগ্রী হিসাবে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের উৎপাদন, আমদানী, রঙানী, বাজারজাতকরণ, বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বিতরণ বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার সংক্রান্ত কর্মকাণ্ড পরিচালনা বা ব্যবস্থাপনার ফেত্তে এই বিধিমালার বিধানাবলী প্রযোজ্য হইবে।

৪। ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের উৎপাদনে বাধা-নিষেধ।—এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স ব্যতিরেকে কোন ব্যক্তি তফসিল ১ এর কলাম (২) এ উল্লিখিত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য উৎপাদন করিতে পারিবেন না :

তবে শর্ত থাকে যে, বাংলাদেশের অত্যাবশ্যকীয় অভ্যন্তরীণ প্রয়োজনে বা সাংস্কৃতিক বৃদ্ধিবৃত্তিক প্রয়োজনসহ অন্যান্য সামাজিক কর্মকাণ্ডের জন্য তফসিল ২ এ বর্ণিত পরিমাণ ও সময়সীমা অতিক্রান্ত হইবার পরবর্তী অনুর্ক ৩ (তিনি) বৎসর সময়সীমার জন্য উক্ত তফসিলে উল্লিখিত ভিত্তি বৎসরের বিপরীতে নির্ধারিত পরিমাণের অতিরিক্ত উৎপাদনের জন্য অনুমতি প্রদান করা যাইবে।

৫। ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য আমদানী বা রঙানী সংক্রান্ত বিধান।—(১) কোন ব্যক্তি তফসিল ৪ এ তালিকাভুক্ত রাষ্ট্র নথির্ভুক্ত—

- (ক) রাষ্ট্র হইতে কোন ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য বাংলাদেশে আমদানী করিতে পারিবেন না; বা রাষ্ট্র বাংলাদেশ হইতে কোন ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য রঙানী করিতে পারিবেন না।

(২) কোন ব্যক্তি এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স ব্যতিরেকে তফসিল ৪ এ তালিকাভুক্ত—

- (ক) রাষ্ট্র হইতে বাংলাদেশে কোন ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য আমদানী করিতে পারিবেন না; বা

- (খ) রাষ্ট্র বাংলাদেশ হইতে কোন ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য রঙানী করিতে পারিবেন না।

(৩) উপ-বিধি (২) এর অধীন কোন লাইসেন্স প্রদান করা যাইবে না, যদি না মহাপরিচালক এই মর্মে সম্মত হন যে, তফসিল ১ এর কলাম (৫) এ উল্লিখিত ছাপের ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের অনুকূলে লাইসেন্স প্রদান করা হইলে উক্ত ছাপের জন্য নির্ধারিত ভিত্তিতে ব্যবহারের পরিমাণ ভিত্তি বৎসর (base year) সংশ্লিষ্ট তফসিল ২ এর কলাম (৫) এ নির্দেশিত ব্যবহারের সংখ্যা অতিক্রম করিবে না।

(৪) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সমগ্র বাংলাদেশের জন্য উপ-বিধি (৩) এ উল্লিখিত প্রত্যেক ছাপের জন্য ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের ব্যবহার ও উৎপাদন বা আমদানীর নির্ণয়কৃত ভিত্তিসীমা (base limit) প্রত্যক্ষভাবে জারী করিবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন প্রজ্ঞাপন জারীর পূর্বে উপ-বিধি (৩) এ উল্লিখিত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য কোন নির্দিষ্ট বৎসরে আমদানীর উদ্দেশ্যে কোন খণ্পত্র খোলা হইয়া থাকিলে উক্ত বৎসরের জন্য তফসিল ২ এর কলাম (৪) এ উল্লিখিত গ্রাপ্তভুক্ত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য আমদানীর প্রত্যক্ষযোগ্য পরিমাণের সাথে সমন্বয় করা যাইবে।

৬। ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের বিক্রয়ের উপর বাধা নিষেধ।—কোন ব্যক্তি বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি লাইসেন্স ব্যতিরেকে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য মজুদ বা বিক্রয়ের উদ্দেশ্যে বা অন্য কোন ভাবে বিতরণ (distribute) করিতে পারিবেন না।

৭। ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য ক্রয় ইত্যাদির উপর বাধা নিষেধ।—কোন ব্যক্তি বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি তফসিল ৩ এর কলাম (২) এ উল্লিখিত কর্মকান্ডের উদ্দেশ্যে ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য মজুত বা ব্যবহারের উদ্দেশ্যে ক্রয় বা সংগ্রহ করিতে পারিবেন না।

৮। ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য উৎপাদনে নৃতন বিনিয়োগে নিষেধাজ্ঞা, ইত্যাদি।—(১) কোন ব্যক্তি তফসিল ২ এর—

(ক) কলাম (৭) এ নির্দিষ্টকৃত তারিখের পর ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য প্রস্তুতের লক্ষ্যে কোন শিল্পকারখানা প্রতিষ্ঠা বা সম্প্রসারণ বা প্রতিষ্ঠার বা সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করিতে পারিবেন না;

(খ) কলাম (৮) এ নির্দিষ্টকৃত তারিখের পর ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সম্বলিত বা ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য দ্বারা প্রস্তুতযোগ্য কোন পণ্য উৎপাদনের লক্ষ্যে শিল্পকারখানা প্রতিষ্ঠা বা সম্প্রসারণ বা প্রতিষ্ঠার বা সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করিতে পারিবেন না।

(২) ১৬ সেপ্টেম্বর, ১৯৮৭ তারিখে গৃহীত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সম্পর্কিত মন্ত্রিল প্রটোকল এর সদস্য হিসাবে বাংলাদেশের কোন ব্যক্তি মন্ত্রিল প্রটোকলের অনুচ্ছেদ ১০ ও ১০ক এর অধীন বহুপক্ষিক তহবিল (Multilateral Fund) হইতে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য উৎপাদন প্রযুক্তির পরিবর্তে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য বর্জিত প্রযুক্তি স্থাপনের জন্য আর্থিক ও কারিগরী সহায়তা গ্রহণ করে, তাহা হইলে উক্ত ব্যক্তি রূপান্তর প্রকল্প অনুমোদন এবং রূপান্তর প্রক্রিয়া সমাপ্ত হইবার পর তফসিল ৩ এর কলাম (২) এ উল্লিখিত কর্মকান্ডের জন্য তফসিল ২ এর কলাম (২) এ উল্লিখিত গ্রাপ্তভুক্ত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য বা ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সম্বলিত কোন পণ্য বা ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সমন্বয়ে প্রস্তুতকৃত কোন পণ্য উৎপাদনের লক্ষ্যে শিল্প কারখানা স্থাপন বা সম্প্রসারণের কোন উদ্যোগ গ্রহণ করিতে পারিবেন না।

৯। ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য দ্বারা প্রস্তুতকৃত বা উক্ত দ্রব্য সম্বলিত পণ্য আমদানী, রঙানী বা বিক্রয়ের উপর বাধা-নিষেধ।—(১) কোন ব্যক্তি লাইসেন্স ব্যতিরেকে তফসিল ৫ এর কলাম (২) এ নির্দিষ্টকৃত কোন পণ্য উক্ত তফসিলের কলাম (৩) এ বর্ণিত ছাপের ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সম্বয়ে প্রস্তুতকৃত বা ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সম্বলিত পণ্য উক্ত তফসিলের কলাম (৪) এ নির্দিষ্টকৃত তারিখের পর আমদানী করিতে পারিবেন না :।

তবে শর্ত থাকে যে, উক্ত তফসিলের কলাম (৪) এ নির্দিষ্টকৃত তারিখের পর ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সম্বয়ে প্রস্তুতকৃত নহে এইরূপ পণ্য আমদানীর ক্ষেত্রে উক্ত পণ্য ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সম্বলিত নহে মর্মে উক্ত পণ্যের মোড়কে সহজে দৃষ্টিধার্য হয় এমন স্থানে লেবেল সংযুক্ত থাকিতে হইবে।

(২) তফসিল ৫ এর কলাম (৫) এ নির্দিষ্টকৃত তারিখের পর উক্ত তফসিলের কলাম (২) এ নির্দিষ্টকৃত পণ্য ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সম্বয়ে প্রস্তুতকৃত হইলে বা ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সম্বলিত পণ্য হইলে কোন ব্যক্তি উক্ত পণ্যের মোড়কে তৎমর্মে লেবেল সংযুক্ত না করিয়া উক্ত পণ্য রঙানী করিতে পারিবেন না।

(৩) কোন ব্যক্তি তফসিল ৩ এর কলাম (৪) এ নির্দিষ্টকৃত তারিখের পর উক্ত তফসিলের কলাম (২) এ উল্লিখিত কর্মকাণ্ড বা সেবা প্রদানের উদ্দেশ্যে উক্ত তফসিলের কলাম (৩) উল্লিখিত প্রচ্পভূক্ত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য ব্যবহারে উৎপাদিত কোন পণ্য বিক্রয়, মজুদ, বিক্রয়ের উদ্দেশ্যে প্রদর্শন বা বিতরণ করিতে পারিবেন না।

১০। কম্প্রেসর প্রস্তুতের উপর বাধা-নিষেধ।—(১) কোন ব্যক্তি মহাপরিচালকের পূর্বানুমতি প্রাপ্ত ব্যতিরেকে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য ব্যবহৃত হয় এমন ধরণের কোন কম্প্রেসর প্রস্তুত বা উহা আমদানী বা রঙানী করিতে পারিবেন না।

(২) মহাপরিচালক, সাধারণ আদেশ দ্বারা, অনুমতি প্রদান প্রদত্তি নির্ধারণ করিবেন।

১১। পরিবীক্ষণ ও প্রতিবেদন দাখিল, ইত্যাদি।—(১) ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য উৎপাদনকারী, আমদানী-কারক, রঙানীকারক বা বিক্রয়কারী প্রত্যেক ব্যক্তিকে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য উৎপাদন, আমদানী, রঙানী বা বিক্রয়ের যথাযথ হিসাব বা রেকর্ড সংরক্ষণ করিবেন এবং তফসিল ৭ এর খন্দ-১ এ বিধৃত পদ্ধতিতে এতদ্সংক্রান্ত প্রতিবেদন দাখিল করিতে হইবে।

(২) কম্প্রেসর প্রস্তুতকারী, আমদানীকারক, রঙানীকারক বা বিক্রয়কারী প্রত্যেক ব্যক্তিকে উহার প্রস্তুত, আমদানী রঙানী বা বিক্রয়ের যথাযথ তথ্য ও রেকর্ডপত্র সংরক্ষণপূর্বক তফসিল ৭ এর খন্দ-২ এ বিধৃত পদ্ধতিতে এতদ্সংক্রান্ত প্রতিবেদন দাখিল করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এর অধীন সংরক্ষিত তথ্যাদি সম্পর্কিত প্রতিবেদন যথাক্রমে তফসিল ৮ ও ৯ এ বিধৃত ফরম পুরণপূর্বক মহাপরিচালকের নিকট দাখিল করিতে হইবে।

১২। অব্যাহতি।—এই বিধিমালার কোন কিছুই তফসিল ৬ এ উল্লিখিত অব্যাহতির ফেস্টসমূহে প্রয়োজন হইবে না।

১৩। লাইসেন্স।—(১) এই বিধিমালার অধীন লাইসেন্স প্রাপ্তির জন্য লাইসেন্সের দরখাস্ত মহাপরিচালক কর্তৃক নির্ধারিত ফরম পূরণকৰ্ত্তব্যে তাহার নিকট দাখিল করিতে হইবে।

(২) উক্ত ফরম ওজেন সেলের কার্যালয় হইতে বিনামূল্যে সংগ্রহ করা যাইবে।

(৩) যথাযথভাবে পূরণকৃত ফরম মহাপরিচালকের নিকট দাখিল হইবার পর আইন ও এই বিধিমালা অনুসারে উক্ত ফরমে উল্লিখিত বিষয়গুলোর সত্যতা যাচাই বা, ক্ষেত্রমত, তদন্ত করিয়া মহাপরিচালক দরখাস্ত মঞ্চের বা নামঞ্চের করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত কোন দরখাস্ত বিবেচনার প্রয়োজনে মহাপরিচালক দরখাস্তকারীকে সংশ্লিষ্ট যে কোন তথ্য সরবরাহ করিবার জন্য নির্দেশ দিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৩) এর অধীন কোন লাইসেন্স মঞ্চের না করিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইলে মহাপরিচালক উহার যুক্তিসংগত কারণ লিপিবদ্ধ করিয়া উক্ত সিদ্ধান্ত গ্রহণের ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরখাস্তকারীকে অবহিত করিবেন।

(৬) উপ-বিধি (৩) এর অধীন কোন লাইসেন্স মঞ্চের করিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইলে মহাপরিচালক উক্ত সিদ্ধান্ত দ্রুত দরখাস্তকারীকে অবহিত করিবেন এবং মহাপরিচালক কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে দরখাস্তকারীকে লাইসেন্স ফি বাবদ প্রতিটি আইটেম-এর জন্য টাকা ৫০০ (পাঁচশত) পরিবেশ অধিদণ্ডের অনুকূলে সিদ্ধান্ত অবহিত হইবার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরখাস্তকারীকে জমা করিবার নির্দেশ প্রদান করিবেন।

(৭) দরখাস্তকারী কর্তৃক উপ-বিধি (৬) এ উল্লিখিত পদ্ধতিতে লাইসেন্স ফি প্রদত্ত হইলে মহাপরিচালক তৎকর্তৃক নির্ধারিত ফরম, শর্ত ও মেয়াদে লাইসেন্স প্রদান করিবেন।

(৮) মহাপরিচালক আইন ও এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, তদবীনে ইস্যুকৃত লাইসেন্সের যে কোন শর্ত সংশোধন করিতে পারিবেন, তবে লাইসেন্স গ্রহীতাকে ২(দুই) সপ্তাহের নোটিশ প্রদান না করিয়া এই বিধির অধীন লাইসেন্সের কোন শর্ত সংশোধন করা যাইবে না।

(৯) মহাপরিচালক লাইসেন্স গ্রহীতার দরখাস্তের প্রেক্ষিতে যুক্তিসংজ্ঞত মনে করিলে লাইসেন্সের যে কোন শর্ত সংশোধন করিতে পারিবেন।

১৪। লাইসেন্স বাতিল, ইত্যাদি।—(১) মহাপরিচালক এই বিধিমালার অধীন প্রদত্ত যে কোন লাইসেন্স তৎকর্তৃক নির্ধারিত পদ্ধতিতে বাতিল করিতে পারিবেন।

(২) এই বিধির অধীন লাইসেন্স বাতিলের পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তিকে ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদান করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, ব্যক্তিগত শুনানীর জন্য নির্ধারিত সময়ে উক্ত ব্যক্তি হাজির না হইলে বা পরবর্তী সময়ে হাজির হওয়ার আবেদন না করিলে মহাপরিচালক উক্ত লাইসেন্স সরাসরি বাতিল করিতে পারিবেন।

(৩) এই বিধির অধীন লাইসেন্স বাতিল বা অন্য কোন কারণে কোন ব্যক্তি সংকুচ্ছ হইলে তিনি সংশ্লিষ্ট আদেশ প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপীল করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোন আপীল দায়ের হইলে উক্ত আপীলে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে এবং উহার বিরুদ্ধে কোন আদালতে কোন মামলা দায়ের করা যাইবে না।

১৫। ওজোন সেল —(১) এই বিধিমালার অধীন কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে পরিবেশ অধিদণ্ডের অধীন ওজোন সেল নামে একটি সেল থাকিবে, যাহার প্রধান নির্বাহী হইবেন মহাপরিচালক কর্তৃক নির্দিষ্টকৃত পরিবেশ অধিদণ্ডের পরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা।

(২) মহাপরিচালক কর্তৃক পরিবেশ অধিদণ্ডের নির্ধারিত কর্মকর্তা-কর্মচারী সমন্বয়ে ওজোন সেল গঠিত হইবে।

১৬। দন্ত। — এই বিধিমালার কোন বিধান লংঘনের ক্ষেত্রে আইনের ধারা ১৫(১) এর টেবিলের ৪নং ত্রামিকের বিধানাবলী প্রযোজ্য হইবে।

১৭। বার্ষিক প্রতিবেদন —(১) প্রতি আর্থিক বৎসর শেষ হইবার সঙ্গে সঙ্গে মহাপরিচালক উক্ত বৎসরে এই বিধিমালার অধীন সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবেন।

(২) সরকার, প্রয়োজনে, মহাপরিচালকের নিকট হইতে যে কোন সময় এই বিধিমালার অধীন সম্পাদিত কার্যাবলী বা বিষয়াবলীর উপর প্রতিবেদন আহ্বান করিতে পারিবে এবং মহাপরিচালক উহা সরকারের নিকট প্রদান করিতে বাধ্য থাকিবেন।

১৮। জটিলতা নিরসনে সরকারের ক্ষমতা —সরকার, এই বিধিমালার বিধানের অস্পষ্টতার কারণে বিধিমালার অধীন ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে, সাধারণ বা বিশেষ আদেশ জারীর মাধ্যমে, উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদান করতঃ উক্ত বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা দিতে পারিবে।

## তফসিল-১

[ বিধি ২(৬), ৪, ৫(৩) দ্রষ্টব্য ]

## ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের বিবরণ

ক্রমিক নং	ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের নাম	ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের রাসায়নিক গঠন	এইচ. এস. কোড	গ্রুপ	ওভিপিঃ ওজোনক্ষয় বিভূত (Ozone Depleting Potential)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
1.	CFC-11	Trichlorofluoromethane (CFC <sub>1</sub> <sub>3</sub> )	2903.41.00	I	1.0
2.	CFC-12	Dichlorofluoromethane (CF <sub>2</sub> Cl <sub>2</sub> )	2903.42.00	I	1.0
3.	CFC-113	Trichlorotrifluoromethane (C <sub>2</sub> F <sub>3</sub> Cl <sub>3</sub> )	2903.43.00	I	0.8
4.	CFC-114	Dichlorotetrafluoromethane (C <sub>2</sub> F <sub>4</sub> Cl <sub>2</sub> )	2903.44.00	I	1.0
5.	CFC-115	Chloropentafluoromethane (C <sub>2</sub> F <sub>5</sub> Cl)	2903.44.00	I	0.6
6.	Halon-1211	Bromochlorodifluoromethane (CF <sub>2</sub> BrCl)	2903.46.00	II	3.0
7.	Halon-1301	Bromotrifluoromethane (CF <sub>3</sub> Br)	2903.46.00	II	10.0
8.	Halon-2402	Dibromotetrafluoromethane (C <sub>2</sub> F <sub>4</sub> Br <sub>2</sub> )	2903.46.00	II	6.0
9.	CFC-13	Chlorotrifluoromethane (CF <sub>3</sub> Cl)	2903.45.00	III	1.0
10.	CFC-111	Pentachlorofluoromethane (C <sub>2</sub> FCl <sub>5</sub> )	2903.45.00	III	1.0
11.	CFC-112	Tetrachlorofluoromethane (C <sub>2</sub> F <sub>2</sub> Cl <sub>4</sub> )	2903.45.00	III	1.0
12.	CFC-211	Heptachlorofluoropropane (C <sub>3</sub> FCl <sub>7</sub> )	2903.45.00	III	1.0
13.	CFC-212	Hexachlorodifluoropropane (C <sub>3</sub> F <sub>2</sub> Cl <sub>6</sub> )	2903.45.00	III	1.0

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
14.	CFC-213	Pentachlorotrifluoropropane (C <sub>3</sub> F <sub>3</sub> Cl <sub>5</sub> )	2903.45.00	III	1.0
15.	CFC-214	Tetrachlorotetrafluoropropane (C <sub>3</sub> F <sub>4</sub> Cl <sub>4</sub> )	2903.45.00	III	1.0
16.	CFC-215	Trichloropentafluoropropane (C <sub>3</sub> F <sub>5</sub> Cl <sub>3</sub> )	2903.45.00	III	1.0
17.	CFC-216	Dichlorohexafluoropropane (C <sub>3</sub> F <sub>6</sub> Cl <sub>2</sub> )	2903.45.00	III	1.0
18.	CFC-217	Chloroheptafluoropropane (C <sub>3</sub> F <sub>7</sub> Cl <sub>1</sub> )	2903.45.00	III	1.0
19.	Carbon tetrachloride (CCl <sub>4</sub> )	Tetrachloromethane	2903.14.00	IV	1.1
20.	Methyl chloroform	1,1,1-Trichloroethane (C <sub>2</sub> H <sub>3</sub> Cl <sub>3</sub> )	2903.19.00	V	0.1
21.	HCFC-21	Dichlorofluoromethane (CHFC1 <sub>2</sub> )	2903.49.00	VI	0.04
22.	HCFC-22	Chlorodifluoromethane (CHClF <sub>2</sub> )	2903.49.00	VI	0.055
23.	HCFC-31	Chlorofluoromethane (CH <sub>2</sub> FC1)	2903.49.00	VI	0.02
24.	HCFC-121	Tetrachlorodifluoroethane (C <sub>2</sub> HF <sub>2</sub> Cl <sub>4</sub> )	2903.49.00	VI	0.04
25.	HCFC-122	Trichlorodifluoroethane (C <sub>2</sub> HF <sub>2</sub> Cl <sub>3</sub> )	2903.49.00	VI	0.08
26.	HCFC-123	2,2-dichloro-1,1,1-trifluoroethane (C <sub>2</sub> HF <sub>3</sub> Cl <sub>2</sub> )	2903.49.00	VI	0.06
27.	HCFC-123a	1,2-dichloro-1,1,2-trifluoroethane (CHCl <sub>2</sub> CF <sub>3</sub> )	2903.49.00	VI	0.02
28.	HCFC-124	2-chloro-1,1,1,2-tetrafluoroethane (C <sub>2</sub> HF <sub>4</sub> Cl <sub>1</sub> )	2903.49.00	VI	0.04
29.	HCFC-124a	2-chloro-1,1,2,2-tetrafluoroethane (CHFC1CF <sub>3</sub> )	2903.49.00	VI	0.022

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
30.	HCFC-131	Trichlorofluoroethane (C <sub>2</sub> H <sub>2</sub> FCI <sub>3</sub> )	2903.49.00	VI	0.05
31.	HCFC-132	Dichlorodifluoroethane (C <sub>2</sub> H <sub>2</sub> F <sub>2</sub> Cl <sub>2</sub> )	2903.49.00	VI	0.05
32.	HCFC-133	Chlorotrifluoroethane (C <sub>2</sub> H <sub>3</sub> F <sub>3</sub> Cl)	2903.49.00	VI	0.06
33.	HCFC-141	Dichlorofluoroethane (C <sub>2</sub> H <sub>3</sub> FCI <sub>2</sub> )	2903.49.00	VI	0.07
34.	HCFC-141b	1,1-dichloro-1-fluoroethane (CH <sub>3</sub> CFCl <sub>2</sub> )	2903.49.00	VI	0.11
35.	HCFC-142	Chlorodifluoroethane (C <sub>2</sub> H <sub>3</sub> F <sub>2</sub> Cl)	2903.49.00	VI	0.07
36.	HCFC-142b	1-chloro-1, 1-difluoroethane (CH <sub>3</sub> CF <sub>2</sub> Cl)	2903.49.00	VI	0.065
37.	HCFC-151	Chlorofluoroethane (C <sub>2</sub> H <sub>4</sub> FCI)	2903.49.00	VI	0.005
38.	HCFC-221	Hexachlorofluoropropane (C <sub>3</sub> HFCl <sub>6</sub> )	2903.49.00	VI	0.07
39.	HCFC-222	Pentachlorodifluoropropane (C <sub>3</sub> HF <sub>2</sub> Cl <sub>5</sub> )	2903.49.00	VI	0.09
40.	HCFC-223	Tetrachlorotrifluoropropane (C <sub>3</sub> HF <sub>3</sub> Cl <sub>4</sub> )	2903.49.00	VI	0.08
41.	HCFC-224	Trichlorotetrafluoropropane (C <sub>3</sub> HF <sub>4</sub> Cl <sub>3</sub> )	2903.49.00	VI	0.09
42.	HCFC-225	Dichloropentafluoropropane (C <sub>3</sub> HF <sub>5</sub> Cl <sub>2</sub> )	2903.49.00	VI	0.07
43.	HCFC-225ca	1,3-dichloro-1,2,2,3,3-pentafluoropropane (CF <sub>3</sub> CF <sub>2</sub> CHCl <sub>2</sub> )	2903.49.00	VI	0.025
44.	HCFC-225cb	1,3-dichloro-1,2,2,3,3-pentafluoropropane (CF <sub>2</sub> ClCF <sub>2</sub> CHClF)	2903.49.00	VI	0.033
45.	HCFC-226	Chlorohexafluoropropane (C <sub>3</sub> HF <sub>6</sub> Cl)	2903.49.00	VI	0.10
46.	HCFC-231	Pentachlorofluoropropane (C <sub>3</sub> H <sub>2</sub> FCI <sub>5</sub> )	2903.49.00	VI	0.09

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
47.	HCFC-232	Tetrachlorodifluoropropane (C <sub>3</sub> H <sub>2</sub> F <sub>2</sub> Cl <sub>4</sub> )	2903.49.00	VI	0.10
48.	HCFC-233	Trichlorotrifluoropropane (C <sub>3</sub> H <sub>2</sub> F <sub>3</sub> Cl <sub>3</sub> )	2903.49.00	VI	0.23
49.	HCFC-234	Dichlorotetrafluoropropane (C <sub>3</sub> H <sub>2</sub> F <sub>4</sub> Cl <sub>2</sub> )	2903.49.00	VI	0.28
50.	HCFC-235	Chloropentafluoropropane (C <sub>3</sub> H <sub>2</sub> F <sub>5</sub> Cl)	2903.49.00	VI	0.52
51.	HCFC-241	Tetrachlorofluoropropane (C <sub>3</sub> H <sub>2</sub> FCl <sub>4</sub> )	2903.49.00	VI	0.09
52.	HCFC-242	Trichlorodifluoropropane (C <sub>3</sub> H <sub>3</sub> F <sub>2</sub> Cl <sub>3</sub> )	2903.49.00	VI	0.13
53.	HCFC-243	Dichlorotrifluoropropane (C <sub>3</sub> H <sub>3</sub> F <sub>3</sub> Cl <sub>2</sub> )	2903.49.00	VI	0.12
54.	HCFC-244	Chlorotetrafluoropropane (C <sub>3</sub> H <sub>3</sub> F <sub>4</sub> Cl)	2903.49.00	VI	0.14
55.	HCFC-251	Trichlorofluoropropane (C <sub>3</sub> H <sub>4</sub> FCl <sub>3</sub> )	2903.49.00	VI	0.01
56.	HCFC-252	Dichlorodifluoropropane (C <sub>3</sub> H <sub>4</sub> F <sub>2</sub> Cl <sub>2</sub> )	2903.49.00	VI	0.04
57.	HCFC-253	Chlorotrifluoropropane (C <sub>3</sub> H <sub>4</sub> F <sub>3</sub> Cl)	2903.49.00	VI	0.03
58.	HCFC-261	Dichlorofluoropropane (C <sub>3</sub> H <sub>5</sub> FCl <sub>2</sub> )	2903.49.00	VI	0.02
59.	HCFC-262	Chlorodifluoropropane (C <sub>3</sub> H <sub>5</sub> F <sub>2</sub> Cl)	2903.49.00	VI	0.02
60.	HCFC-271	Chlorofluoropropane (C <sub>3</sub> H <sub>6</sub> FCl)	2903.49.00	VI	0.03
61.	HBFC-21B2	Dibromofluoromethane (CHFBr <sub>2</sub> )	2903.49.00	VII	1.00
62.	HBFC-22B1	Bromodifluoromethane (CHF <sub>2</sub> Br)	2903.49.00	VII	0.74

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
63.		Bromofluoromethane (CH <sub>2</sub> FBr)	2903.49.00	VII	0.73
64.		Tetrabromofluoroethane (C <sub>2</sub> HFB <sub>4</sub> )	2903.49.00	VII	0.8
65.		Tribromodifluoroethane (C <sub>2</sub> HF <sub>2</sub> Br <sub>3</sub> )	2903.49.00	VII	1.8
66.	HBFC-123B2	Dibromotrifluoroethane HBFC-123aB2 (C <sub>2</sub> HF <sub>3</sub> Br <sub>2</sub> )	2903.49.00	VII	1.6
67.	HBFC-124B1	Bromotetrafluoroethane (C <sub>2</sub> HF <sub>4</sub> Br)	2903.49.00	VII	1.2
68.		Tribromofluoroethane (C <sub>2</sub> H <sub>2</sub> FBr <sub>3</sub> )	2903.49.00	VII	1.1
69.		Dibromodifluoroethane (C <sub>2</sub> H <sub>2</sub> F <sub>2</sub> Br <sub>2</sub> )	2903.49.00	VII	1.5
70.		Bromotrifluoroethane (C <sub>2</sub> H <sub>3</sub> F <sub>3</sub> Br)	2903.49.00	VII	1.6
71.		Dibromofluoroethane (C <sub>2</sub> H <sub>3</sub> FBr <sub>2</sub> )	2903.49.00	VII	1.7
72.	HBFC-124B1	Bromodifluoroethane (C <sub>2</sub> H <sub>3</sub> F <sub>2</sub> Br)	2903.49.00	VII	1.1
73.	HBFC-124B1	Bromofluoroethane (C <sub>2</sub> H <sub>4</sub> FBr)	2903.49.00	VII	0.1
74.		Haxabromofluoropropane (C <sub>3</sub> HFBr <sub>6</sub> )	2903.49.00	VII	1.5
75.		Pentabromodifluoropropane (C <sub>3</sub> HF <sub>2</sub> Br <sub>5</sub> )	2903.49.00	VII	1.9
76.		Tetrabromofluoropropane (C <sub>3</sub> HF <sub>3</sub> Br <sub>4</sub> )	2903.49.00	VII	1.8
77.		Tribromotetrafluoropropane (C <sub>3</sub> HF <sub>4</sub> Br <sub>3</sub> )	2903.49.00	VII	2.2
78.		Dibromopentafluoropropane (C <sub>3</sub> HF <sub>5</sub> Br <sub>2</sub> )	2903.49.00	VII	2.0
79.		Bromohaxafluoropropane (C <sub>3</sub> HF <sub>6</sub> Br)	2903.49.00	VII	3.3

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
80.		Pentabromofluoropropane (C <sub>3</sub> H <sub>2</sub> FBr <sub>5</sub> )	2903.49.00	VII	1.9
81.		Tetrabromodifluoropropane (C <sub>3</sub> H <sub>2</sub> F <sub>2</sub> Br <sub>4</sub> )	2903.49.00	VII	2.1
82.		Tribromotrifluoropropane (C <sub>3</sub> H <sub>2</sub> F <sub>3</sub> Br <sub>3</sub> )	2903.49.00	VII	5.6
83.		Dibromotetrafluoropropane (C <sub>3</sub> H <sub>2</sub> F <sub>4</sub> Br <sub>2</sub> )	2903.49.00	VII	7.5
84.		Bromopentafluoropropane (C <sub>3</sub> H <sub>2</sub> F <sub>5</sub> Br)	2903.49.00	VII	1.4
85.		Tetrabromofluoropropane (C <sub>3</sub> H <sub>3</sub> FBr <sub>4</sub> )	2903.49.00	VII	1.9
86.		Tribromodifluoropropane (C <sub>3</sub> H <sub>3</sub> F <sub>2</sub> Br <sub>3</sub> )	2903.49.00	VII	3.1
87.		Dibromotrifluoropropane (C <sub>3</sub> H <sub>3</sub> F <sub>3</sub> Br <sub>2</sub> )	2903.49.00	VII	2.5
88.		Bromotetrafluoropropane (C <sub>3</sub> H <sub>3</sub> F <sub>4</sub> Br)	2903.49.00	VII	4.4
89.		Tribromofluoropropane (C <sub>3</sub> H <sub>2</sub> FBr <sub>3</sub> )	2903.49.00	VII	0.3
90.		Dibromodifluoropropane (C <sub>3</sub> H <sub>4</sub> F <sub>2</sub> Br <sub>2</sub> )	2903.49.00	VII	1.0
91.		Bromotrifluoropropane (C <sub>3</sub> H <sub>4</sub> F <sub>3</sub> Br)	2903.49.00	VII	0.8
92.		Dibromofluoropropane (C <sub>3</sub> H <sub>5</sub> FBr <sub>2</sub> )	2903.49.00	VII	0.4
93.		Bromodifluoropropane (C <sub>3</sub> H <sub>5</sub> F <sub>2</sub> Br)	2903.49.00	VII	0.8
94.		Bromoefluoropropane (C <sub>3</sub> H <sub>6</sub> FBr)	2903.49.00	VII	0.7
95.		Bromochloromethane (CH <sub>2</sub> FBrCl)	2903.49.00	VII	0.12
96.	Methyl bromide	(CH <sub>3</sub> Br)	2903.30.00	VIII	0.6

## তফসিল-২

[বিধি ২(ছ), ৮(৩), ৯(৩), ৮(১), ৮(২) দ্রষ্টব্য]

তফসিল ১-এর কলাম (৮)-এ নির্দেশিত গ্রহণ-I, III, IV, V, VI, VII-এর অন্তর্ভুক্ত  
ওজোনতর ফয়কারী দ্রব্যের উৎপাদন, আমদানী, রঙালি ও ব্যবহার নিয়ন্ত্রণ

জরিক নং	ওজোন-তর ডিস্ট্রিবিউশন সংস্থার নাম	ফুল বিশেষ নির্যাকৃত কলাম (৪) ও (৫)	ওজোনতর ফয়কারী দ্রব্য	ওজোনতর ফয়কারী দ্রব্যের সংখ্যাত
ফয়কারী দ্রব্যের কলা	ডিস্ট্রিবিউশন চিহ্নিত	নির্যাকৃত ডিস্ট্রিবিউশন সংস্থার তারিখ	উৎপাদন সূবিধা সূচিত	দ্রব্য সংখ্যাত বা
দ্রব্যের কলা	১২(বার) মাসকাল	ডিস্ট্রিবিউশন ব্যবহারের	উৎপন্ন নিয়েধাজ্ঞা	ব্যবহারে পণ্য
আমদানীর সর্বোচ্চ	সর্বোচ্চ পরিমাণ			উৎপাদনের সময়ে
হাইলেভেন্য	(মেট্রিক টন)			নৃতন সূবিধা সূচিত
পরিমাণ (মেট্রিক টন)				উৎপন্ন নিয়েধাজ্ঞা

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
(১)	I	১৯৯৫-১৯৯৭	৩০০	৩০০	০১-১২-২০০৪	বিধিমালা বলবৎ	বিধিমালা বলবৎ
	III	১৯৯৮-২০০০	-			হইবার তারিখ	হইবার তারিখ
(২)	I	১৯৯৫-১৯৯৭	২৯০	২৯০	০১-১২-২০০৫	বিধিমালা বলবৎ	বিধিমালা বলবৎ
	III	১৯৯৮-২০০০	-			হইবার তারিখ	হইবার তারিখ
(৩)	I	১৯৯৫-১৯৯৭	২৫০	২৫০	০১-১২-২০০৬	বিধিমালা বলবৎ	বিধিমালা বলবৎ
	III	১৯৯৮-২০০০	-			হইবার তারিখ	হইবার তারিখ
(৪)	I	১৯৯৫-১৯৯৭	৮০	৮০	০১-১২-২০০৭	বিধিমালা বলবৎ	বিধিমালা বলবৎ
	III	১৯৯৮-২০০০	-			হইবার তারিখ	হইবার তারিখ
(৫)	I	১৯৯৫-১৯৯৭	৭৫	৭৫	০১-১২-২০০৮	বিধিমালা বলবৎ	বিধিমালা বলবৎ
	III	১৯৯৮-২০০০	-			হইবার তারিখ	হইবার তারিখ
(৬)	I	১৯৯৫-১৯৯৭	৫০	৫০	০১-১২-২০০৯	বিধিমালা বলবৎ	বিধিমালা বলবৎ
	III	১৯৯৮-২০০০	-			হইবার তারিখ	হইবার তারিখ
(৭)	I	১৯৯৫-১৯৯৭	৪৫	৪৫	০১-০১-২০১০	বিধিমালা বলবৎ	বিধিমালা বলবৎ
	III	১৯৯৮-২০০০	-			হইবার তারিখ	হইবার তারিখ
(৮)	IV	১৯৯৮-২০০০	৫	৫	১-১-২০০৫	বিধিমালা বলবৎ	বিধিমালা বলবৎ
						হইবার তারিখ	হইবার তারিখ
(৯)	IV	১৯৯৮-২০০০	০	০	১-১-২০১০	--	--
(১০)	V	১৯৯৮-২০০০	১০	১০	১-১-২০০৩	বিধিমালা বলবৎ	বিধিমালা বলবৎ
						হইবার তারিখ	হইবার তারিখ
(১১)	V	১৯৯৮-২০০০	১	১	১-১-২০০৫	--	--
(১২)	V	১৯৯৮-২০০০	৮	৮	১-১-২০১০	--	--
(১৩)	V	১৯৯৮-২০০০	০	০	১-১-২০১৫	--	--
(১৪)	VI	২০১৫	সরকারী গ্রেজেট ২০১৫	সরকারী গ্রেজেট প্রক্ষেপ ফ্লাই বাসেরিক সর্বোচ্চ আমদানীর পরিমাণ নির্ধারণ করা হইবে।	২০০৪ খ্রিস্টাব্দ থেকে প্রক্ষেপ ফ্লাই বাসেরিক সর্বোচ্চ আমদানীর পরিমাণ নির্ধারণ করা হইবে।	বিধিমালা বলবৎ হইবার ২০১৫ খ্রিস্টাব্দ পর্যন্ত করিব নির্ধারণ করা হইবে।	বিধিমালা বলবৎ হইবার নির্ধারণ করা হইবে।

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
(১৫)	VI	২০১৫	-	-	১-১-২০০৮	বিধিমালা বলবৎ হইবার তারিখ	-
(১৬)	VII	-	০	০			

\* ১৯৯৫-৯৭ সময়কালের প্রাপ্ত-। এর নির্ণয়কৃত ভিত্তিতে ৫৮০.৪ মেট্রিক টন।

\*\*\* 'সদস্য' দেশসমূহের সম্ভাব্য অনুমতিতে বাংলাদেশে অপরিহার্য ব্যবহারের চাহিদাপূরণে কোন ক্লোরোফ্রোকার্বন আমদানী বা ব্যবহার ব্যতীত।

+ তফসিল-।-এ অন্তর্ভুক্ত হাইড্রোক্লোরোকার্বন (প্রাপ্ত-VI-এর আওতায় ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য) উৎপাদন ও ব্যবহার অবরোধক বৎসর।

↑ প্রাপ্ত VI অন্তর্ভুক্ত সকল দ্রব্যের ভিত্তিবস্তর ২০১৫

বিঃ দ্রঃ । ১৯৯৫-৯৭ সময়কালে প্রাপ্ত-।। ও ১৯৯৫-৯৮ সময়কালে প্রাপ্ত-VIII-এর অন্তর্ভুক্ত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য বাংলাদেশে আমদানী ও ব্যবহার করা হয় নাই। প্রটোকলের শর্তানুযায়ী ২০০৩ সালের ১ জানুয়ারী হইতে এই সকল দ্রব্য আমদানী ও ব্যবহার করা যাইবে না।

### তফসিল-৩

[ বিধি ৭, ৮(২), ৯(৩) দ্রষ্টব্য ]

#### ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের প্রাপ্ত ব্যবহার নিয়ন্ত্রণ

ক্রমিক নং	কর্মকাণ্ড	ওজোনস্তর ক্ষয়কারী প্রাপ্ত দ্রব্যের	পর্যায়গ্রন্থাসের তারিখ*
(১)	(২)	(৩)	(৪)
১।	এরোসল বা প্রেশারাইজ ডিসপেন্সার উৎপাদন (ঔষধ হিসাবে ব্যবহার্য মিটারড ডোজ ইনহেলার ব্যতীত)।	প্রাপ্ত।	১-।-২০০৮
২।	ফোমপণ্য হইতে পলিওল উৎপাদন	প্রাপ্ত।	১-।-২০০৮
৩।	গৃহস্থালী রেফ্রিজারেটরে ফোম অংশসহ ফোম পণ্য উৎপাদন।	প্রাপ্ত।	১-।-২০০৮
৪।	অগ্নিনির্বাপক যজ্ঞ বা অগ্নিনির্বাপন ব্যবস্থা উৎপাদন	প্রাপ্ত।।	১-।-২০০।**
৫।	মোবাইল এয়ারকন্ডিশনার উৎপাদন এবং অটোমোবাইল শিল্পে চার্জিং।	প্রাপ্ত।	১-।-২০০৮
৬।	রেফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং সংস্কারণ অন্যান্য পণ্য উৎপাদন (কমপ্রেসর ব্যতীত)।	প্রাপ্ত।	১-।-২০০৮
৭।	বিবিধ পণ্য উৎপাদন	প্রাপ্ত।, III, IV ও V	১-।-২০।০

(১)	(২)	(৩)	(৪)
৮।	অগ্নিবাহক ও অগ্নিবাহন ব্যবস্থার সার্ভিসিং	এপ্রিল ১।	১-১-২০১০***
৯।	গুরুত্ব হিসাবে ব্যবহার্য মিটারেড ডোজ ইনহেলার উৎপাদন।	এপ্রিল ৩।	১-১-২০১০
১০।	বিবিধ পণ্য উৎপাদন	এপ্রিল ৬।	১-১-২০৮০
১১।	প্রিলিপমেন্ট ও কোরেন্টাইন ব্যতীত অন্যান্য ক্ষেত্রে মিথাইল গ্রোমাইড ব্যবহার।	এপ্রিল ৮।	১-১-২০১৫

\* কৃপান্তর প্রকল্প সম্পূর্ণ হইবার তারিখ অথবা তফসিল-৩-এর কলাম (৪)-এ প্রদত্ত তারিখ (যে তারিখ পূর্বে  
আসিবে) ওজেনস্ট্র ক্ষয়কারী দ্রব্য বর্জিত প্রযুক্তিতে উৎকৃষ্ট হওয়া বা ওজেনস্ট্র ক্ষয়কারী দ্রব্য বর্জিত  
প্রযুক্তি সংবলিত নৃতন সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে আর্থিক সহায়তা প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে  
পর্যায়ক্রম হ্রাসের তারিখ বৃুদ্ধাইবে।

\*\* অপরিহার্য ব্যবহার সংক্রান্ত প্যানেল কর্তৃক প্রত্যয়নকৃত অপরিহার্য ব্যবহার ব্যতীত।

### তফসিল-৪

[ বিধি ৫(১), ৫(২) দ্রষ্টব্য ]

মন্ত্রিল প্রটোকলের সদস্য দেশসমূহের তালিকা  
(১২ জানুয়ারী ২০০৪ পর্যন্ত)

### খত-১

মন্ত্রিল প্রটোকলের আর্টিকেল ৫-এর অনুচ্ছেদ ১-এর আওতায় ক্রিয়াশীল সদস্যসমূহের তালিকা:

ক্রমিক নং	দেশের নাম
(১)	(২)
(১)	আলবেনিয়া
(২)	আলজেরিয়া
(৩)	এঙ্গোলা
(৪)	এন্টিগোয়া এবং বারবোডা
(৫)	আর্জেন্টিনা
(৬)	আরমেনিয়া
(৭)	বাহামাস
(৮)	বাহরাইন
(৯)	বাংলাদেশ
(১০)	বারবাডেস
(১১)	বেলিজ

(১)	(২)
(১২)	বেনিন
(১৩)	বলিভিয়া
(১৪)	বসনিয়া হারাজেগোভিনা
(১৫)	বতসোয়ানা
(১৬)	ত্রাজিল
(১৭)	ক্রনেই দারাস্সালাম
(১৮)	বুর্কিনাফাসো
(১৯)	বুর্কতি
(২০)	কখোড়িয়া
(২১)	ক্যামেরুন
(২২)	মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র
(২৩)	চাদ
(২৪)	চিলি
(২৫)	চীন
(২৬)	কলম্বিয়া
(২৭)	কমোরোস
(২৮)	কঙ্গো
(২৯)	কঙ্গো, ডেমোক্রেটিক প্রজাতন্ত্র
(৩০)	কোস্টারিকা
(৩১)	কোট আইভোরি
(৩২)	কেণ্যানিয়া
(৩৩)	কিউবা
(৩৪)	সাইপ্রাস
(৩৫)	জিৰুতী
(৩৬)	ডোমিনিকা
(৩৭)	ডোমিনিকান প্রজাতন্ত্র
(৩৮)	ইকুয়েডর
(৩৯)	মিশর
(৪০)	এল সালভাদর
(৪১)	ইথিওপিয়া

(১)	(২)
(৮২)	ফিজি
(৮৩)	গ্যাবন
(৮৪)	জামিয়া
(৮৫)	জর্জিয়া
(৮৬)	ঘানা
(৮৭)	গ্রানাডা
(৮৮)	গুয়েতেমালা
(৮৯)	গুইনিয়া
(৯০)	গায়েনা
(৯১)	হাইতি
(৯২)	হন্ডোরাস
(৯৩)	ভারত
(৯৪)	ইন্দোনেশিয়া
(৯৫)	ইরান, ইসলামিক প্রজাতন্ত্র
(৯৬)	জামাইকা
(৯৭)	জর্জিয়ান
(৯৮)	কেনিয়া
(৯৯)	কিরিবাটি
(৬০)	কেনিয়া, পিপলস ডেমোক্রেটিক রিপাবলিক অব কেনিয়া, রিপাবলিক অব
(৬১)	কুয়েত
(৬২)	কিরিয়ান্তান
(৬৩)	লাও, পিপলস ডেমোক্রেটিক রিপাবলিক অব
(৬৪)	লেবানন
(৬৫)	লেসোথো
(৬৬)	লাইবেরিয়া
(৬৭)	লিবিয়ান আরব জামাহিরিয়া
(৬৮)	মাদাগাস্কার
(৬৯)	মালাওয়ি
(৭০)	মালয়েশিয়া

(১)	(২)
(৭২)	মালদ্বীপ
(৭৩)	মালি
(৭৪)	মাল্টা
(৭৫)	মৌরিয়ানিয়া
(৭৬)	মৌরিশাস
(৭৭)	মেরিকো
(৭৮)	মাইক্রোনেশিয়া, ফেডারেল টেট অব
(৭৯)	মালভোভা
(৮০)	মঙ্গোলিয়া
(৮১)	মরকো
(৮২)	মোজাখিক
(৮৩)	মায়ানমার
(৮৪)	নামিবিয়া
(৮৫)	নাউরু
(৮৬)	নেপাল
(৮৭)	নিকারাগুয়া
(৮৮)	নাইজের
(৮৯)	নাইজেরিয়া
(৯০)	মার্শাল আইলেণ্ড
(৯১)	ওমান
(৯২)	পাকিস্তান
(৯৩)	পালাউ
(৯৪)	পানামা
(৯৫)	পাপুয়া নিউগিনি
(৯৬)	প্যারাগ্যে
(৯৭)	পেরু
(৯৮)	ফিলিপাইনস
(৯৯)	কাতার
(১০০)	রোমানিয়া
(১০১)	রাউভা
(১০২)	সেন্ট কেটস এন্ড নেভিস
(১০৩)	সেন্ট লুসিয়া
(১০৪)	সেন্ট ভিনসেন্ট এন্ড দ্য গ্রেনাডাইনস

(১)	(২)
(১০৫)	সোমা
(১০৬)	সাউন্ডি আরব
(১০৭)	সেনেগাল
(১০৮)	সার্বিয়া ও মদেনিন্দ্র
(১০৯)	সায়চেলাস
(১১০)	সিয়েরা লিওন
(১১১)	সিঙ্গাপুর
(১১২)	সোলোমন আইল্যান্ডস
(১১৩)	সোমালিয়া
(১১৪)	সাউথ আফ্রিকা
(১১৫)	শ্রীলঙ্কা
(১১৬)	সুদান
(১১৭)	সুরিনাম
(১১৮)	সুজিল্যান্ড
(১১৯)	সিরিয়ান আরব প্রজাতন্ত্র
(১২০)	তানজানিয়া, ইউনাইটেড রিপাবলিক অব
(১২১)	থাইল্যান্ড
(১২২)	দ্য ফরমার যুগোম্বাৰ রিপাবলিক অব মেসোভেনিয়া
(১২৩)	টোণো
(১২৪)	টোংগা
(১২৫)	তিনিদাদ এন্ড টোবাগো
(১২৬)	তিউনিসিয়া
(১২৭)	তুর্কি
(১২৮)	তোভানু
(১২৯)	উগান্ডা
(১৩০)	সংযুক্ত আরব আমিরাত
(১৩১)	উর্কণ্ডয়ে
(১৩২)	ভানুয়াতু
(১৩৩)	ভেনিজুয়েলা
(১৩৪)	ভিয়েতনাম
(১৩৫)	ইয়েমেন
(১৩৬)	জাদিয়া
(১৩৭)	জিখাবুয়ে

## খন্ড-২

মন্ত্রিল প্রটোকলের আর্টিকেল-৫-এর অনুচ্ছেদ-১-এর আওতায় অস্থায়ীভাবে ক্রিয়াশীল সদস্যসমূহের তালিকা ১—

ক্রমিক নং	দেশের নাম
(১)	(২)
(১)	কেপ-ড্রাগুণ
(২)	কুক অইল্যান্ড
(৩)	গিনি বিসাউ
(৮)	নিউই
(৯)	সাও তুমে এন্ড প্রিসিপ

## খন্ড-৩

মন্ত্রিল প্রটোকলের আর্টিকেল-২-এর আওতায় ক্রিয়াশীল সদস্যসমূহের তালিকা ২—

ক্রমিক নং	দেশের নাম
(১)	(২)
(১)	অ্যাঞ্চেলিয়া
(২)	অ্যাঞ্জিয়া
(৩)	আজারবাইজান
(৮)	বেলারুশ
(৯)	বেলজিয়াম
(১০)	বুলগেরিয়া
(১১)	কানাডা
(১২)	চেক প্রজাতন্ত্র
(১৩)	ডেনমার্ক
(১৪)	এন্টেনিয়া
(১৫)	ইউরোপিয়ান কমিউনিটি
(১৬)	ফেডারেটেড স্টেট অব মাইক্রোনেশিয়া
(১৭)	ফিলিপ্পাইন
(১৮)	ফ্রান্স

ক্রমিক নং	দেশের নাম
(১৫)	জার্মানী
(১৬)	ধীস
(১৭)	হাস্তেরী
(১৮)	আইসল্যান্ড
(১৯)	আয়ারল্যান্ড
(২০)	ইসরাইল
(২১)	ইতালি
(২২)	জাপান
(২৩)	কাজাকিস্তান
(২৪)	লাটভিয়া
(২৫)	লিস্টেনস্টেন
(২৬)	লিথোনিয়া
(২৭)	লুক্সেমবুর্গ
(২৮)	মোনাকো
(২৯)	নেদারল্যান্ডস
(৩০)	নিউজিল্যান্ড
(৩১)	নরওয়ে
(৩২)	পোল্যান্ড
(৩৩)	প্রুগাল
(৩৪)	রাশিয়া ফেডারেশন
(৩৫)	স্লোভাকিয়া
(৩৬)	স্লোভেনিয়া
(৩৭)	স্লেন
(৩৮)	সুইডেন
(৩৯)	সুইজারল্যান্ড
(৪০)	তাজিকিস্তান
(৪১)	তুর্কমেনিস্তান
(৪২)	ইউক্রেন
(৪৩)	যুক্রেণ্টান
(৪৪)	ইউএসএ
(৪৫)	উজবেকিস্তান

## তফসিল-৫

[ বিধি ৯(১), (২) দ্রষ্টব্য ]

ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সংবলিত পণ্যের আমদানি ও রঙানি নিয়ন্ত্রণ

ক্রমিক নং	পণ্যের নাম	ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের শ্রেণী	আমদানির উপর নিয়ন্ত্রণ বলবৎ হইবার তারিখ	রঙানির উপর নিয়ন্ত্রণ বলবৎ হইবার তারিখ
১	২	৩	৪	৫
(১)	যানবাহন ও ট্রাক এয়ারকন্ডিশনিং ইউনিট (সংযুক্ত থাকা বা না থাকা অবস্থায়)	গ্রাপ-।	এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর	এই বিধিমালা বলবৎ <sup>১</sup> হইবার তারিখের ছয় মাস পর
(২)	গৃহস্থালী ও বাণিজ্যিক রেফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং/ হাইট পাম্প যজ্ঞ, যথা,- <ul style="list-style-type: none"><li>- রেফ্রিজারেটর</li><li>- ফ্রিজার</li><li>- ডিহিড্রিমিডিফায়ার</li><li>- ওয়ারটার কুলার</li><li>- আইল মেশিন</li><li>- এয়ারকন্ডিশনিং এবং হাইট পাম্প ইউনিট</li><li>- কম্প্রেসর</li></ul>	গ্রাপ-। গ্রাপ-VI	এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর	এই বিধিমালা বলবৎ <sup>১</sup> হইবার তারিখের ছয় মাস পর
(৩)	এরোসল পণ্য (চিকিৎসার ব্যবহার্য এরোসল বাতীত)	গ্রাপ-।	এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর	এই বিধিমালা বলবৎ <sup>১</sup> হইবার তারিখের ছয় মাস পর
(৪)	বহনযোগ্য <sup>২</sup> অণ্টিনির্বাপক/অণ্টিনির্বাপন ব্যবস্থা/সিলিঙ্কার	গ্রাপ-II	এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর	এই বিধিমালা বলবৎ <sup>১</sup> হইবার তারিখের ছয় মাস পর
(৫)	ইনসুলেশন বোর্ড, প্যানেল ও পাইপ কভার	গ্রাপ-।	এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর	এই বিধিমালা বলবৎ <sup>১</sup> হইবার তারিখের ছয় মাস পর
(৬)	প্রি-পলিমার	গ্রাপ-। গ্রাপ-VI	এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর	এই বিধিমালা বলবৎ <sup>১</sup> হইবার তারিখের ছয় মাস পর

নোটঃ (১) ক্রমিক নং-২ এর কলাম (২)-এ উল্লেখিত পণ্যে পণ্যের ইনসুলেটিং বস্তু অন্তর্ভুক্ত।

(২) বাস্তিগত বা গৃহস্থালী বস্তু বা তন্ত্রপ অবাণিজ্যিক পরিস্থিতিতে কনসাইনমেন্টে  
পরিবহনকৃত হইয়া থাকিলে এবং সাধারণভাবে কাস্টমস্ কর্তৃপক্ষের অব্যাহতি লাভ করিয়া  
থাকিলে উপরোক্তাধিক পণ্য এই তফসিলের আওতা বহিভূত হইবে।

## তফসিল-৬

## [ বিধি ১২ দ্রষ্টব্য ]

## অব্যাহতি

- (১) তফসিল-১-এর শ্রেণি-৮ উল্লেখিত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য হিসাবে নিম্নালৈ প্রোমাইডের কোয়ারেন্টাইন ও প্রি-শিপমেন্ট পর্যায়ে ব্যবহার।
- (২) নিম্নলিখিত শর্তসাপেক্ষে গবেষণাগার অথবা বিশ্লেষণধর্মী কর্মকাণ্ডে ব্যবহৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য :
- (ক) গবেষণাগারগত ব্যবহারে যন্ত্রপাতির ত্রন্মাছন অন্তর্ভুক্ত থাকিবে; রাসায়নিক বিশ্লেষণের জন্য ব্যবহৃত এক্সট্রিকশন সলভেন্ট, ডাইল্যুয়েন্ট, বা, ক্যারিয়ার; প্রাণরসায়ন সংক্রান্ত গবেষণা; রাসায়নিক বিক্রিয়ার ক্যারিয়ার, বা গবেষণাগার রাসায়নিক দ্রব্য এবং বিশ্লেষণ ও গবেষণা সংক্রান্ত অন্যান্য সূক্ষ্ম প্রক্রিয়ায় ব্যবহৃত রাসায়নিক দ্রব্য হিসাবে নিষ্ক্রিয় দ্রাবক (inert solvents)।
  - (খ) ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যসমূহ নিম্নোক্ত বিশুদ্ধতামান অনুযায়ী উৎপাদিত হইতে হইবে :

CTC (বিকারক মানভূক্ত)	৯৯.৫
-----------------------	------

1,1,1-trichloroethane	৯৯.০
-----------------------	------

CFC-11	৯৯.৫
--------	------

CFC-13	৯৯.৫
--------	------

CFC-12	৯৯.৫
--------	------

CFC-113	৯৯.৫
---------	------

CFC-114	৯৯.৫
---------	------

অন্যান্য ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য যাহাদের সুটিনাক ২০°C-এর উর্ধ্বে	৯৯.৫
---	------

অন্যান্য ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য যাহাদের সুটিনাক ২০°C-এর নিম্নে	৯৯.৫
--	------

- (গ) গবেষণাগার ও বিশ্লেষণগত ব্যবহারে প্রচলিত ব্যবহারানুযায়ী উৎপাদনকারী, এজেন্ট বা বিতরণকারীগণ এই সকল বিশুদ্ধ ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য প্রবর্তী পর্যায়ে অন্যান্য রাসায়নিক দ্রব্যের সহিত মিশ্রিত করিবেন।
- (ঘ) কেবল পুনরায় আবক্ষ করা যায় এইরূপ কটেইনার অথবা তিন লিটারের নিম্নক্ষমতাসম্পন্ন উচ্চচাপ সিলিন্ডার অথবা ১০ মিলিলিটার বা উহার নিম্নক্ষমতাসম্পন্ন এল্পুলে উচ্চ বিশুদ্ধতামানসম্পন্ন এইসকল ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য এবং ওজোনস্তর ক্ষয়কারী দ্রব সংবলিত মিশ্রণ সরবরাহ করা যাইবে। সরবরাহের লক্ষ্যে এইসকল কটেইনার বা সিলিন্ডার বা এল্পুলে পরিকারভাবে 'ওজোনস্তর ক্ষয়কারী দ্রবের কেবল গবেষণাগার ও বিশ্লেষণ উদ্দেশ্যে ব্যবহার' বা 'ব্যবহৃত বা ব্যবহারের পর অব্যবহৃত অতিরিক্ত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সংগ্রহ, সংরক্ষণ ও সম্ভব হইলে, রিসাইক্লিং করিতে হইবে' লিখিত থাকবে। রিসাইক্লিং সম্ভব না হইলে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য ধ্বংস করিতে হইবে।

- (৩) তফসিল-১-এর এপ-।-এ নির্দেশিত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের উৎপাদনের সহিত সংশ্লিষ্ট হইলে উক্ত তফসিল-১-এর এপ-।।V-এর ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যে আমদানী, রঙানী ও উৎপাদন 'ব্যবহার'-এর সংজ্ঞার বাহির্ভূত হইবে।
- (৪) পুনরুদ্ধারকৃত বা রিসাইকেল্য কোন ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের আমদানী ও রঙানী 'ব্যবহার'-এর সংজ্ঞার বাহির্ভূত হইবে।
- (৫) ন্যূনপক্ষে এক বৎসর ব্যবহৃত হইয়াছে এইকপ কোন পণ্যের অ-বাণিজ্যিক বিক্রয়ের ক্ষেত্রে বিধি-।।।-এর উপ-বিধি (১) প্রযোজ্য হইবে না।
- (৬) বাংলাদেশ সরকারের অনুমোদনস্বরূপে জনস্বার্থে প্রণীত যে কোন বিধি
- (৭) সংকটকালীন অপরিহার্য ব্যবহারে, যথা:- প্রতিরক্ষা বিমান, যুদ্ধক্ষেত্রে ব্যবহার্য ট্যাংক ও অপরিহার্য ব্যবহার সংক্রান্ত প্যানেল কর্তৃক প্রত্যয়নকৃত বিমান শিল্পে তফসিল-১-এর এপ-।।- এ অন্তর্ভুক্ত দ্রব্যাদি।

### তফসিল-৭

[ বিধি-।।।(।), (২) দ্রষ্টব্য ]

### খন্ড-।

#### (।) নথি সংরক্ষণ

ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যসামগ্ৰী আমদানীৰ ও বিপণনের ক্ষেত্রে ।। তফসিল-।। এ উল্লিখিত ফরম এ পূরণকৃত তাৰিখ সংযোগত তথ্য সংরক্ষণ কৰিতে হইবে।

#### (২) প্রতিবেদন দাখিল প্রসঙ্গে

- (ক) তফসিল-।। অনুযায়ী ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যসামগ্ৰীৰ আমদানী ও বিপণন সংক্রান্ত প্রতিবেদন।
- (খ) উপোকোত প্রতিবেদন লাইসেন্স প্ৰদানকাৰী কৰ্তৃপক্ষেৰ নিকট ।। জানুয়াৰী এৰ মধ্যে দাখিল কৰিতে হইবে।

### খন্ড-।।।

#### (।) নথি সংরক্ষণ ।।।

কম্প্রেসর উৎপাদন, আমদানী, রঙানী ও বিপণন সংক্রান্ত তথ্য ।। তফসিল-।।।-এ উল্লিখিত ফরম অনুযায়ী পূরণকৃত তাৰিখ সংযোগত তথ্য সংরক্ষণ কৰিতে হইবে।

#### (২) প্রতিবেদন দাখিল প্রসঙ্গে

কম্প্রেসর উৎপাদন, আমদানী, রঙানী ও বিপণন সংক্রান্ত তথ্য ।। তফসিল-।।।-অনুযায়ী প্ৰস্তুত কৰিয়া মহাপৰিচালকেৰ নিকট ।। জানুয়াৰীৰ মধ্যে দাখিল কৰিতে হইবে।

তফসিল-৮  
[ বিধি-১১(৩), দ্রষ্টব্য ]

ফরম-১

ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যসামগ্রী আমদানী ও বিপণন সংক্রান্ত প্রতিবেদন

বার্ষিক প্রতিবেদন

প্রতিবেদন দাখিল করার শেষ তারিখ : প্রতি বছর জানুয়ারী মাসের ১৫ তারিখের মধ্যে।

প্রতিষ্ঠানের নাম : ..... প্রতিবেদন দাখিলের সময় : .....

ঠিকানা : .....

ফোন : ..... ফ্যাক্স : .....

ওজোন ক্ষয়কারী দ্রব্য সামগ্রীর নাম \*১ ..... এইচএস কোড .....

আমদানী সংক্রান্ত প্রতিবেদন

(মেঝ টেন হিসাবে)

ক্রমিক নং	পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র নং	ইনভয়েস নং এবং তারিখ	বিল অব গোড়িং নং এবং তারিখ	সবধরণের ব্যবহারের জন্য আমদানীকৃত বিশুল্ক ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের পরিমাণ *২	আমদানী বিশুল্ক ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যসামগ্রীর পরিমাণ	ফিল্ড স্টক হিসাবে	অব্যাহতিপ্রাপ্ত ব্যবহারের ক্ষেত্রে
১	২	৩	৪	৫	৬	৭	
.....	.....	.....	.....	.....	.....	.....	.....
.....	.....	.....	.....	.....	.....	.....	.....
.....	.....	.....	.....	.....	.....	.....	.....
.....	.....	.....	.....	.....	.....	.....	.....
মোট	.....	.....	.....	.....	.....	.....	.....

আইআরসি নং ও তারিখ *	যে দেশ হইতে আমদানী করা হইয়াছে	যে বন্দর হতে খালাস করা হইয়াছে
১০	১১	১২
.....	.....	.....
.....	.....	.....
.....	.....	.....
মোট	.....	.....

সীলসহ রাক্ষর \*৩

## বিপণন সংক্রান্ত প্রতিবেদন

ক্রমিক নং	ক্ষয়কারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	অন্যের উদ্দেশ্য *২	পরিমাণ *৩
মোট			

সীলসহ স্বাক্ষর \*৪

## প্রত্যয়নপত্র

আমি ..... পিতা..... এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরোক্ত প্রদত্ত তথ্য এবং  
আনুষঙ্গিক সংযুক্তি ও বক্তব্যসমূহ আমার জানামতে সঠিক ও সম্পূর্ণ।

আমি আবারও ঘোষণা করিতেছি যে, ..... হিসাবে আমি এই  
ঘোষণাপত্র প্রণয়ন ও প্রত্যয়ন করিতেছি এবং এই কাজে আমি বিধিসম্বতভাবে যোগ্যতাসম্পন্ন।

সীল ও স্বাক্ষর \*৫

তারিখ .....

নোটঃ

\*১ ১টি ওজোন ক্ষয়কারী দ্রব্যের ক্ষেত্রে শুধু মাত্র ১টি ফরম ব্যবহার করিতে হইবে। ওজোন ক্ষয়কারী দ্রব্যের  
পূর্ণাঙ্গ তালিকা তফসিল-১ এ দেয়া হলো।

\*২ উদ্দেশ্যসমূহ :

(১) এডোসল উৎপাদন (ষষ্ঠ হিসাবে ব্যবহার্য মিটারডেজ ইনহেলার ব্যৱৃত্তি)।

(২) ফোম জাতীয় পণ্য উৎপাদন

(৩) অগ্নিনির্বাপক ও অগ্নিনির্বাপন ব্যবস্থার উৎপাদন

(৪) ভাস্যমাণ এয়ারকন্ডিশনার উৎপাদন

(৫) অন্যান্য রেফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং পণ্য উৎপাদন

(৬) দ্রাবক হিসাবে ব্যবহার

(৭) অব্যাহিত হিসাবে ব্যবহার

(৮) বিক্রয়

(৯) অগ্নিনির্বাপকসমূহের অগ্নিনির্বাপন ব্যবস্থার সার্ভিসিং (কেবল প্রাপ্তি II ভূক্ত ওজোন ক্ষয়কারী দ্রব্যের  
ক্ষেত্রে প্রযোজ্য)।

(১০) ষষ্ঠ হিসাবে ব্যবহার্য মিটারডেজ ইনহেলার উৎপাদন

(১১) কমপ্রেসার উৎপাদন

(১২) ডিইউমিডিফিয়ার উৎপাদন

(১৩) সার্ভিসিং

(১৪) অন্যান্য

\*৩ বিপণনকালীন ঘাটতি সর্বোচ্চ ৩% পর্যন্ত রহণযোগ্য।

\*৪ প্রত্যয়ন অংশসহ উপরোক্ত কর্ম সংশ্লিষ্ট ব্যক্তি ব্যৱৎ, বা, তাহার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত একজন ব্যক্তি, বা, কোন  
কোম্পানীর বোর্ড অব ডাইরেক্টরস কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত একজন ব্যক্তি, বা অন্যান্য যে কোন ক্ষেত্রে ব্যবসা  
পরিচালনা দায়িত্বপ্রাপ্ত একজন ব্যক্তি দ্বারা অবশ্যই স্বাক্ষরিত হইবে।

## তফসিল-৯

[ বিধি-১১(৩) দ্রষ্টব্য ]

## ফরম-২

..... সালের জন্য ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য ব্যবহৃত হয় এমন ধরণের কম্প্রেসর উৎপাদন, আমদানী, রঙানী ও বিপণন সংক্রান্ত প্রতিবেদন ফরম

প্রতিবেদন দাখিল করার শেষ তারিখ : বার্ষিক প্রতিবেদন প্রতি বছর জানুয়ারী মাসের ১৫ তারিখের মধ্যে।

প্রতিবেদন দাখিলের সময় : .....

প্রতিষ্ঠানের নাম : .....

ঠিকানা : .....

ফোন : ..... ফ্যাক্স : .....

উৎপাদন সংক্রান্ত তথ্য : .....

ক্রমিক নং	কম্প্রেসর উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	কম্প্রেসরের ক্ষমতা (H.P)	ব্যবহৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের নাম	উৎপাদনের পরিমাণ
				মোট পরিমাণ

আমদানী সংক্রান্ত তথ্য : .....

ক্রমিক নং	কম্প্রেসর উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	কম্প্রেসরের ক্ষমতা (H.P)	ব্যবহৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের নাম	আমদানীর পরিমাণ
				মোট পরিমাণ

রঙানী সংক্রান্ত তথ্য : .....

ক্রমিক নং	কম্প্রেসর আমদানী কারক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	কম্প্রেসরের ক্ষমতা (H.P)	ব্যবহৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের নাম	রঙানীর পরিমাণ
				মোট পরিমাণ

বিক্রয় সংক্রান্ত তথ্য : .....

ক্রমিক নং	কম্প্রেসর ক্রেতা/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	কম্প্রেসরের ক্ষমতা (H.P)	ব্যবহৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের নাম	বিক্রয়ের পরিমাণ
				মোট পরিমাণ

## প্রত্যয়নপত্র

আমি ..... পিতা .....  
 .....এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরোক্ত প্রদত্ত তথ্য এবং  
 আনুষঙ্গিক সংযুক্তি ও বক্তব্যসমূহ আমার জানামতে সঠিক ও সম্পূর্ণ।

আমি আবারও ঘোষণা করিতেছি যে, .....হিসাবে আমি এই  
 ঘোষণাপত্র প্রণয়ন ও প্রত্যয়ন করিতেছি এবং এই কাজে আমি বিধিসম্মতভাবে যোগ্যতাসম্পন্ন।

সীল ও স্বাক্ষর \*১

তারিখ .....

নোটঃ

\*১ প্রত্যয়ন অংশসহ উপরোক্ত কর্ম সংশ্লিষ্ট ব্যক্তি স্বয়ং, বা, তাহার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত একজন ব্যক্তি, বা, কোন  
 কোম্পানীর বোর্ড অব ডাইরেক্টরস কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত একজন ব্যক্তি, বা অন্যান্য যে কোন ক্ষেত্রে ব্যবসা  
 পরিচালনা দায়িত্বপ্রাপ্ত একজন ব্যক্তি দ্বারা অবশ্যই স্বাক্ষরিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
 সৈয়দ তানভীর হোসেন  
 সচিব।

.....	.....	.....	.....
.....	.....	.....	.....
.....	.....	.....	.....
.....	.....	.....	.....

.....	.....	.....	.....
.....	.....	.....	.....
.....	.....	.....	.....
.....	.....	.....	.....

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
 মোঃ আমিন ঝুঁই আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
 তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।